গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অধ্যক্ষের কার্যালয়**

রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: rcadmsn@gmail.com website: http://rc.gov.bd / http://rc.edu.bd

online news portal: http://rc.edu.bd/rcbarta

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫.৭২৬৫ তারিখঃ ১৭ আষাঢ় ১৪৩২ ব: / ০১ জুলাই ২০২৫ খ্রি.

**২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তি ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির সময়সূচি বৃদ্ধি সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি**

২০২২-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) কোর্সে ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের **১০/০৭/২০২৫** তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (*www.nu.ac.bd/admissions)* প্রবেশ করে চূড়ান্ত আবেদন ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক ০২(দুই) কপি A4 (৮.৫´×১১´) সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট নেয়ার পর রাজশাহী কলেজে ভর্তির নিমিত্তে *https://rc.gov.bd/admission-formfillup/* লিংকে প্রবেশ করে ভর্তির নির্দেশনা ও নিম্নবর্ণিত সময়সূচি মোতাবেক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। কলেজে ভর্তির বিষয়ে কলেজ ওয়েবসাইটে অনলাইন ভর্তির নির্দেশিকা থেকে বিস্তারিত তথ্য জানা যাবে। উল্লেখ্য, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) অথবা মাস্টার্স প্রফেশনাল কোর্সে ( যে শিক্ষাবর্ষ হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ০৩ জুলাই ২০২৫ তারিখের মধ্যে পূর্ববর্তী ভর্তি বাতিল করে এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে ঐ শিক্ষার্থীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ২০ জুলাই ২০২৫ তারিখ থেকে শুরু হবে।

১। **ভর্তির সময়সূচি ও স্থান :**

| তারিখ | বিষয়ের নাম | সময় | স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১/০৭/২০২৫ থেকে ১০/০৭/২০২৫ পর্যন্ত **(সরকারি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত)** | সকল বিষয় | সকাল ১০ টা থেকে বেলা ২ টা পর্যন্ত | স্ব স্ব বিভাগ | মাস্টার্স শেষ পর্বের ভর্তির নির্ধারিত সার্ভার আগামী ১৩/০৭/২০২৫ তারিখ রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত খোলা থাকবে |

২। **ভর্তি ফিস জমা:**

(ক) শিক্ষার্থীরা প্রাথমিক আবেদনপত্র দাখিলের সময় জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত রোল নম্বর রাজশাহী কলেজে ভর্তির জন্য ব্যবহার করতে হবে। ডাচবাংলা (DBBL) মোবাইল ব্যাংকিং পদ্ধতির নিচে প্রদত্ত নির্দেশনা মোতাবেক **Admission Roll** এর বিপরীতে বিষয়ভিত্তিক নির্দিষ্ট ফিসের টাকা আগামী **০১/০৭/২০২৫ থেকে ১০/০৭/২০২৫** তারিখের মধ্যে জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। কলেজ ওয়েবসাইট-এ নোটিশ কর্নার হতে অথবা *https://rc.edu.bd/fees-for-masters-final-admission/* লিংক হতে ফি'এর বাটন চেপে ফি'র পরিমাণ জানা যাবে।

(খ) **DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী:**

| নিজ একাউন্ট ব্যবহারের জন্য | অন্যের একাউন্ট ব্যবহারের জন্য |
|---|---|
| ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান।<br>খ) '1' (One) নং Bill Pay সিলেক্ট করুন।<br>গ) 1 (One) নং Self সিলেক্ট করুন।<br>ঘ) 0 (Zero) নং Others সিলেক্ট করুন।<br>ঙ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন।<br>চ) Bill No-এ আপনার **Admission roll** দিন।<br>ছ) নির্ধারিত টাকার পরিমাণ লিখুন।<br>জ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন।<br>ঝ) Ok অথবা Send বাটন ক্লিক করলে ১টি Trx ID নম্বর পাওয়া যাবে। | ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান।<br>খ) '1' (One) নং Bill Pay সিলেক্ট করুন।<br>গ) 2 (Two) নং Others সিলেক্ট করুন এবং Payer's Mobile number দিন (শিক্ষার্থীর মোবাইল নম্বর)।<br>ঘ) 0 (Zero) নং Others সিলেক্ট করুন।<br>ঙ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন।<br>চ) Bill No-এ আপনার **Admission roll** দিন।<br>ছ) নির্ধারিত টাকার পরিমাণ লিখুন।<br>জ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন।<br>ঝ) Ok অথবা Send বাটন ক্লিক করলে ১টি Trx ID নম্বর পাওয়া যাবে। |

**** রকেট app পদ্ধতিতে (Bill Pay) কিছুটা ভিন্নতা আছে। তবে তা ছাত্র-ছাত্রীর ব্যবহারের জন্য অনেক সহজ।**

(গ) ডাচবাংলা মোবাইল ব্যাংকিং পদ্ধতিতে **Admission Roll** এর বিপরীতে পেমেন্ট করলেই ভর্তি হয়ে যাবে। এরপর *http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/Masters* লিংকে গিয়ে **Admission roll** দিয়ে **Next** বাটন ক্লিক করলে ডাউনলোড লিংকসহ ভর্তির তথ্য উন্মুক্ত হবে এবং সেখান থেকে **Confirmation Slip** ও **Student Admission Form** ডাউনলোড করতে হবে।

**DBBL Help Line- 16216** (তথ্য পাওয়ার প্রয়োজনে)

৩। **অনলাইন প্রিন্ট কপির সঙ্গে যে সকল কাগজ সংযুক্ত করতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা:**

(ক) এস.এস.সি/সমমান, এইচ.এস.সি/সমমান, স্নাতক(পাস)/সম্মান পাশের সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপি।

(খ) স্নাতক(পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও নম্বরপত্রের ফটোকপি-১ কপি করে।

(গ) **স্নাতক (পাস) কোর্স হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের প্রিলিমিনারী টু মাস্টার্স কোর্সের রেজিস্ট্রেশন কার্ড এবং নম্বরপত্রের ফটোকপি-১কপি।**

(ঘ) আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করে সদ্য তোলা পাসপোর্ট আকারের ১ কপি রঙিন ছবি সংযুক্ত করে জমা দিতে হবে।

(ঙ) সকল শিক্ষাগত যোগ্যতার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।

(চ) ভর্তির আবেদন ফরমের Student কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বিভাগ ফেরত দিবে।

(ছ) শিক্ষার্থীরা প্রয়োজনে www.rc.edu.bd/www.rc.gov.bd ওয়েবসাইটে online admission Login অপশনে প্রবেশ করে রেফারেন্স ID এবং নিজস্ব পাসওয়ার্ড ব্যবহার পূর্বক Confirmation Slip ডাউনলোড ও প্রিন্ট করে তা আবেদনপত্রের সঙ্গে বিভাগে জমা দিতে পারে।

৪। ভর্তির সময় অবশ্যই বিভাগীয় প্রধানকে সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে। এতে ব্যর্থ হলে আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে। অসম্পূর্ণ/ভুল/মিথ্যা তথ্য সম্বলিত/প্রয়োজনীয় কাগজপত্র ছাড়া ভর্তি বাতিল বলে গণ্য হবে।

**বি:দ্র:** কোন শিক্ষার্থী একই সাথে ও সময়ে/শিক্ষাবর্ষে একই/বিভিন্ন শ্রেণিতে/ভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন ও পরীক্ষায় অংশগ্রহণ করলে তার ক্ষেত্রে ভর্তি ও পরীক্ষার ফলাফল (যদি থাকে) দ্বৈত ভর্তিজনিত কারণে বাতিল বলে গণ্য হবে।

স্বাঃ
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫.১২৬৫

তারিখঃ ১৭ আষাঢ় ১৪৩২ ব: / ০১ জুলাই ২০২৫ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী।

২। বিভাগীয় প্রধান,............................বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী। অনলাইনে নিশ্চয়নের লক্ষ্যে প্রতিদিনের ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তির আবেদন ফরমসহ ০১ (এক) প্রস্থ তালিকা ভর্তি কমিটির নিকট ভর্তির দিন বেলা ৩:০০ টায় কলেজ প্রশাসন ভবনের সভাকক্ষে জমাদানের জন্য সকল বিভাগীয় প্রধানকে বিশেষভাবে অনুরোধ করা হলো। **ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা এবং শূন্য আসনের তালিকা ১৪/০৭/২০২৫ তারিখ বেলা ১:০০ টার মধ্যে ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে।**

৩। আহ্বায়ক, মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) ভর্তি কমিটি ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী।

৪। ম্যানেজার, ডাচবাংলা মোবাইল ব্যাংক, নিউমার্কেট, রাজশাহী/ম্যানেজার, ডাচবাংলা ব্যাংক লিমিটেড, অলকার মোড়, রাজশাহী।

৫। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী।

৬। পরীক্ষা শাখা, রাজশাহী কলেজ, রাজশাহী।

৭। সংরক্ষণ নথি।

অধ্যক্ষ 01/09/2026
রাজশাহী কলেজ, রাজশাহী।
08/09/2026

F:\HUMAYON KABIR\MASTERS Final\ADMISSION\BIGGAPTY ADMISSION Final (Vorti) 2012 2013.doc